সন্ত্রাস চাঁদাবাজদের বিরুদ্ধে জামায়াত নেতাদের হুঁশিয়ারী

দুর্গাপুর প্রতিনিধি – রাজশাহীর দুর্গাপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী ৭ নং জয়নগর ইউনিয়ন শাখার আয়োজনে কর্মী ও সুধী সমাবেশ ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

ছাত্র-জনতার এই অভ্যুত্থানকে ধরে রাখতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে এলাকায় সন্ত্রাস-নৈরাজ্য ও চাঁদাবাজির বিরুদ্ধে সতর্ক থাকার জন্য জনগণকে আহ্বান জানিয়েছেন জামায়াত নেতৃবৃন্দ।

শনিবার বিকালে বাংলাদেশ জামায়াতে ইসলামী দুর্গাপুর উপজেলার ৭ নং জয়নগর ইউনিয়ন শাখার আয়োজনে মাড়িয়া প্রাইমারি স্কুল মাঠে কর্মী ও সুধী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামী জয়নগর ইউনিয়ন শাখার সভাপতি এজাজুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুঠিয়া উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান জামায়াত নেতা মাওলানা আহমদ উল্লাহ। কর্মী ও সুধী সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, রাজশাহী জেলা জামায়াতের এসিস্টেন্ট সেক্রেটারি নুরুজ্জামান লিটন। এছাড়াও বক্তব্য রাখেন দুর্গাপুর উপজেলা জামায়াতের আমীর সাইফুল ইসলাম, সেক্রেটারি শামীম উদ্দিন, বাংলাদেশ জামায়াতে ইসলামি দুর্গাপুর উপজেলা সাবেক আমীর অধ্যাপক ফজলুল বারী সোহরাব, পৌর আমীর মাওলানা রফিকুল ইসলাম, জামায়াত নেতা ডক্টর সেলিম রেজা খান, নুর আলম প্রমূখ।

কর্মী সম্মেলনে বৃষ্টি উপেক্ষা করে বিপুল সংখ্যক নেতা কর্মীর উপস্থিতি লক্ষ্য করা যায়। সম্মেলন শেষে সন্ধ্যায় মোটরসাইকেল শোভাযাত্রা নিয়ে উপজেলার দাউকান্দি বাজারে পথসভা ও রাতে উপজেলা সদরের মেডিকেল মোড়ে পৃথক পৃথক সমাবেশ অনুষ্ঠিত হয়। বক্তারা যেকোনো মূল্যে ছাত্র-জনতার এই অভ্যুত্থানকে ধরে রাখতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সেই সাথে এলাকায় সন্ত্রাস-নৈরাজ্য ও চাঁদাবাজির বিরুদ্ধে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান।